



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২১.০৯.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার আবেদন শুরু ২৪ সেপ্টেম্বর

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদন শুরু হচ্ছে ২৪ সেপ্টেম্বর ২০১৭ রবিবার দুপুর ২ টা হতে। চলবে ২৪ অক্টোবর ২০১৭ মঙ্গলবার রাত ১২ টা পর্যন্ত। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগ্রহী শিক্ষার্থীরা অনলাইনে “admission.eis.bu.ac.bd” এই ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপরোক্ত ওয়েবসাইট ছাড়াও “barisaluniv.ac.bd এবং barisaluniv.edu.bd” তে পাওয়া যাবে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৪ ও ২৫ নভেম্বর। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের অধীন ২০টি বিভাগের পাশাপাশি চলতি ২০১৭-১৮ শিক্ষাবর্ষ হতে নতুন আরও ২টি বিভাগ সংযোজিত হয়েছে, যার একটি ‘গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ’ এবং অন্যটি ‘বায়োকেমেস্ট্রি ও বায়োটেকনোলজি বিভাগ’।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস